

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.৩০.০০১.১৮.৫০৫

তারিখ : ২৪ ফাল্গুন ১৪২৬
২৭ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ আগামী ২০২০ এবং ২০২১ সালের জন্য ইভেন্ট ম্যানেজম্যান্ট প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনাদের দাখিলকৃত তালিকাভুক্তির আবেদন সমূহ কমিশন কর্তৃক গৃহীত হয়েছে। যার প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহকে আগামী ২০২০ এবং ২০২১ সালে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)'র ইভেন্ট ম্যানেজম্যান্ট সংক্রান্ত কাজের জন্য তালিকাভুক্ত করা হলো :


নং	প্রতিষ্ঠানের নাম	ঠিকানা
১.	স্পেস মার্কেটিং কমিউনিকেশন	বাড়ী- ৪৩ (৩য় তলা), রোড- ৬/এ, ধানমন্ডি, ঢাকা।
২.	নেট পার্ক	৬৭/ডি, গ্রীন রোড (২য় তলা), পাছপথ, ঢাকা-১২০৫।
৩.	কনফারেন্স এন্ড এক্সিবিশন ম্যানেজমেন্ট এন্ড সার্ভিসেস লিঃ (সিমস বাংলাদেশ)	রুপায়ান মিলেনিয়াম স্কয়ার (৬ষ্ঠ তলা), চ-৭০, বীর উত্তম রফিকুল ইসলাম এভিনিউ (উত্তর বাড্ডা), ঢাকা।
৪.	ইভেন্ট টাচ বাংলাদেশ	বাসা # ৪১৯, রোড # ৩০, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২১৯।
৫.	আই স্টেশন লিমিটেড	বাসা # ৪২৪, রোড # ৩০, নিউ ডিওএইচএস মহাখালী, ঢাকা-১২১৯।
৬.	রেড কার্পেট ৩৬৫ লিমিটেড	বাড়ী-১৩৫ (৪র্থ তলা), রোড- ০৫, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
৭.	এক্সট্রিম এক্সিবিশন এন্ড ইভেন্ট সলিউশন (ই-৩) লিমিটেড	বাড়ী- ৩০৪ (৪র্থ তলা), রোড- ১৯/বি, মহাখালী ডিওএইচএস, ঢাকা-১২১৯।
৮.	সাইন পাওয়ার	৫৯/৩/৪ (২য় তলা), পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৯.	রেইনবো এক্সিবিশন এন্ড ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিসেস লিঃ (রিমস)	বাড়ী-৩৯৩ (৪র্থ তলা), রোড-৩৪, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২১৯।
১০.	রিফ্লেক্ট বাংলা	রোড- ২৭, হোল্ডিং- ৩৫৯ (৪র্থ তলা), মহাখালী ডিওএইচএস, ঢাকা-১২১৯।
১১.	মাত্রা	বাড়ী- ৪৫, রোড- ২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা।
১২.	এশিয়াটিক ইভেন্ট মার্কেটিং লিঃ	বাড়ী- ১০ (৩য় তলা), রোড- ২৮, ব্লক- কে, বনানী, ঢাকা।

শর্তাবলী :

- ১। ১ লা জানুয়ারি ২০২০ হতে ৩১ শে ডিসেম্বর ২০২১ সালের জন্য আপনার প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করা হল।
- ২। কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন, দরপত্র/সীমিত দরপত্র আহবান করা হলে দ্রুত সময়ের মধ্যে তার জবাব প্রদানের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানকে তাদের ই-মেইল, ফোন, ফ্যাক্স ও দায়িত্বশীল ব্যক্তির নম্বর কমিশনে জমা দিতে হবে।
- ৩। কমিশন চাহিদা অনুযায়ী/ইভেন্ট অনুযায়ী সেবা/প্রয়োজনীয় সামগ্রী সরবরাহের জন্য দরপত্র আহবান করবেন।
- ৪। আর্থিক প্রস্তাব দাখিলের পূর্বে কমিশনের কার্যালয়ে এসে নমুনা সংগ্রহ/প্রয়োজনীয় ডিজাইন অনুমোদন করে দরপ্রস্তাব দাখিল করতে হবে।


২৭/০২/২০

- ৫। কমিশন কর্তৃক ইভেন্ট ম্যানেজম্যান্ট সংক্রান্ত কাজের জন্য দরপত্র/সীমিত দরপত্র আহবান করা হলে যথাসময়ে দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপ্রস্তাব সমূহ মূল্যায়ন পূর্বক কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।
- ৬। যে সকল প্রতিষ্ঠান পর পর ০৩ (তিন) বার কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন, দরপত্র/সীমিত দরপত্র দাখিলে ব্যর্থ হবে সে সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ৭। দাখিলকৃত দরপ্রস্তাবে দর অতিমূল্যায়িত/অস্বাভাবিক হলে এবং কোন প্রকার অনিয়ম, অসাদুতা বা কারচুপি অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকারী নিয়ম এবং প্রচলিত আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। তালিকাভুক্ত কোন প্রতিষ্ঠান যদি কোথাও কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ৯। কোন অনুষ্ঠান/ইভেন্ট চলাকালীন সময়ে কোন প্রতিষ্ঠানের কার্যাদি সম্পাদনে অযোগ্যতা/অপারদর্শিতা/অপেশাদারিত্ব প্রকাশ পেলে কার্যাদেশ বাতিলসহ উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ১০। কোন অনুষ্ঠান/ইভেন্ট এর কার্যক্রম সম্পাদন শেষে বিল দাখিলের সময় উক্ত অনুষ্ঠান/ইভেন্ট সম্পর্কিত ডিজাইন এর এআই এবং পিডিএফ ফাইল সিডি আকারে দাখিল করবেন। অন্যথায় কমিশন কর্তৃক বিল কর্তৃকের অধিকার সংরক্ষিত হবে।
- ১১। কোন অনুষ্ঠান/ইভেন্ট চলাকালীন সময়ে ইভেন্ট ম্যানেজম্যান্ট প্রতিষ্ঠান কর্তৃক কোন প্রকার ক্ষতি সাধিত হলে কিংবা কোন প্রকার অনিয়ম/অসাদুতা/কারচুপি/অসদাচরণ অবলম্বন করা হলে কমিশন কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল সহ ক্ষতির পরিমাণ নির্ধারণ করত ক্ষতির সমপরিমাণ টাকা বিল হতে সমন্বয় করতে পারবে।
- ১২। কার্যাদেশ অনুযায়ী কোন অনুষ্ঠান/ইভেন্ট শেষে বিল দাখিল করলে সরকারী বিধি মোতাবেক বিল হতে আয়কর/ভ্যাট কর্তৃক পূর্বক ট্রসড চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১৩। তালিকাভুক্তি সংক্রান্ত সরকারি বিধি-নিষেধ, অন্যান্য নীতিমালা এবং অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম অথবা সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।
- ১৪। কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে তালিকাভুক্তির মেয়াদ হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।



মোঃ এয়াকুব আলী ভূঁইয়া
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৯৫৫৪৬৮৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

১. পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব), বিটিআরসি।
২. চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাগণ, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অফিস কপি।
৪.